# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ১ম পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৩৯


সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১। নিচের চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-ক



চিত্র-খ

ক. কৃষির ক্ষেত্র কাকে বলে? ১

খ. কৃষি যান্ত্রিকীকরণ প্রয়োজনীয় কেন? ২

গ. চিত্র 'ক'-এর ফসলটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থনৈতিক বিবেচনায় চিত্রের কোন ফসলটি অধিকতর গুরুত্বপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

২। সবুর আলীর জমির মাটি এঁটেল প্রকৃতির। এ জমিতে ধান ছাড়া অন্য কোনো ফসল ভালো হয় না। এ ব্যাপারে কৃষি অফিসে যোগাযোগ করলে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সবুর আলীকে তার জমির মাটি বুনটের পরিবর্তন বিষয়ে পরামর্শ দেন। তিনি সবুর আলীর জমিতে প্রচুর পরিমাণে জৈব সার প্রয়োগের কথা বলেন।


ক. মাটির উর্বরতা কী? ১

খ. শিম জাতীয় ফসল জমির উর্বরতা বৃদ্ধি করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কেন? ২

গ. সবুর আলীর এঁটেল মাটির জমিতে কেন ফসল উৎপাদন ভালো হয় না? ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষি কর্মকর্তার পরামর্শের আলোকে মাটির বুনটের পরিবর্তনের জৈব সারের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৩। নিচের চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :




http://teachingbd.com

ক. কোকুন কী? ১

খ. মাশরুমের পুষ্টিগুণ ব্যাখ্যা কর। ২

গ. চিত্রের পোকাটির জীবনচক্র ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে চিত্রের পোকাটির অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। খায়ের মিয়া তার জমিতে ধান চাষ করেছেন। ধানের ফলন বেশি পাওয়ার জন্য তিনি প্রচুর পরিমাণ ইউরিয়া প্রয়োগ করেছেন। এ কারণে তার উৎপাদন খরচ বেশি পড়ে। অপরদিকে তার প্রতিবেশী ফজর আলী একজন অভিজ্ঞ ধানচাষি। সে তার ধানের জমিতে অ্যাজোলার চাষ করল। এতে ফজর আলীর উৎপাদন খরচ অর্ধেকে নেমে এলো, ফলনও ভালো হলো।

ক. বায়োফার্টিলাইজার কী? ১

খ. বীজ শোধন করা হয় কেন? ২

গ. ফজর আলী ধানের জমির কীভাবে অ্যাজোলার চাষ করল? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধান চাষে ফজর আলীর গৃহীত কার্যক্রমটি লাভজনক ও পরিবেশবান্ধব– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫। মায়েজ সাহেব একজন কৃষি শিক্ষক। তিনি দ্বাদশ শ্রেণির ছাত্রদের ক্লাসের কৃষিতে আবহাওয়া ও জলবায়ুর প্রভাব সম্পর্কে আলোচনা করছিলেন। তিনি মৌসুমি জলবায়ু সম্পর্কে ছাত্রদের বিস্তারিত জানান এবং বলেন যে, এদেশের কৃষিব্যবস্থা মূলত মৌসুমি জলবায়ুর উপর নির্ভরশীল।

ক. আলোক সংবেদনশীলতার কী? ১

খ. বাংলাদেশের সমভাবাপন্ন বলা হয় কেন? ২

গ. আবহাওয়া ও জলবায়ুর মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৩

ঘ. মায়েজ সাহেবের শেষোক্ত উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬। কদম আলী তার ২ বিঘা জমিতে আখ চাষ করলেন। জমিতে নিষ্কাশন ব্যবস্থা ভালো না থাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। এতে করে আখক্ষেত ক্রমশ হলুদ বর্ণ হতে শুরু করে। কদম আলী আরও দেখলেন কিছু আখের পাতায় মধ্যশিরা বরাবর লাল দাগের সৃষ্টি হয়েছে।

http://teachingbd.com

ক. চারটি চিনি জাতীয় ফসলের নাম লেখ। ১

খ. আখ বীজ কীভাবে শোধন করবে? ব্যাখ্যা কর। ২

গ. কদম আলীর আখের জমি কেমন হওয়া দরকার ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. কদম আলীর ক্ষেতের আখ যে রোগে আক্রান্ত তার নাম, কারণ লক্ষণগুলো এবং দমন ব্যবস্থা উল্লেখ কর। ৪

৭। কবির বিক্রির উদ্দেশ্যে কিছু ফল ও সবজি নিয়ে দূরবর্তী বাজারে যান। সেখানে গিয়ে তিনি লক্ষ করলেন, কিছু ফল নষ্ট হয়ে দুর্গন্ধ ছড়াচ্ছে এবং বাকি সবজি ও ফলের গায়ে সাদা ছাইয়ের মতো আবরণ পড়েছে। এ কারণে তার অনেক ফল ও সবজি অবিক্রীত থেকে যায় এবং অবশিষ্ট সবজি কম দামে বিক্রি করায় কবির আলী ক্ষতিগ্রস্ত হন।


ক. গ্রেডিং কী? ১

খ. জেলি কীভাবে তৈরি করবে? ব্যাখ্যা কর। ২

গ. কবির আলীর ফল ও সবজিতে উদ্দীপকে উল্লেখিত অবস্থা সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. ফল ও সবজি সংরক্ষণে কবির আলী কী করণীয় ছিল বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামাত দাও। ৪

৮। নিচের চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. আর্দ্রতা কী? ১

খ. ফসল উৎপাদনে শিশিরের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে যে ধরনের উদ্ভিদের প্রতি আলোকপাত করা হয়েছে তার বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্র উদ্ভিদের যে বিষয়ের সংবেদনশীলতাকে নির্দেশ করে তা কতটা গুরুত্বপূর্ণ? বিশ্লেষণ খর। ৪

http://teachingbd.com

